116

15 AUG 1997

দৈনিক ইত্তেফাক

তারিখ ...15 AUG 1997 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুক্তিযোদ্ধা কোটায় ছাত্র ভর্তির সিদ্ধান্ত

আনোয়ার আলদীন ॥ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে শতকরা একভাগ 'কোটা' সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ফলে বিশ্ববিদ্যালয়ের চার হাজার ভর্তি আসনে কোটার ভিত্তিতে ৪০ জন মুক্তিযোদ্ধাদের সন্তান ভর্তির সুযোগ লাভ করিবে। ইতিপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুক্তিযোদ্ধাদের কোন কোটা নির্ধারিত ছিল না। তবে ভিসি বিশেষ ক্ষমতাবলে প্রতি বছর ১০/১২ জন করিয়া মুক্তিযোদ্ধার সন্তানদের ভর্তি করিতেন।

গতকাল (বুধবার) সাধারণ ভর্তি কমিটির এক সভায় এই কোটা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, বর্তমানে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে খেলোয়াড় কোটায় ২০ জন, উপজাতি কোটায় ২৫ জন, অন্ধ কোটায় ১৫ হইতে ২০ জন এবং ওয়ার্ড কোটায় ৬০/৭০ জন করিয়া ছাত্র-ছাত্রী ভর্তি করা হইয়া থাকে। দেশের অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের সন্তানদের জন্য কোটা নির্ধারিত থাকিলেও ঢাকা বিশ্ববিদ্যালয়ে উহা ছিল না। এই কোটায় ভর্তির জন্য মুক্তিযোদ্ধার সন্তানদের বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিয়া উত্তীর্ণ হইতে হইবে।